



কেডিএস গ্রুপের শীতবস্ত্র হস্তান্তর

শীতাত্তদের পাশে কেডিএস গ্রুপ

চট্টগ্রামে দরিদ্র অসহায় শীতাত্ত মানুষের পাশে দাঁড়িয়েছে কেডিএস গ্রুপ। সামাজিক কর্মসূচির অংশ হিসেবে প্রথম দফায় ২৫০০ অসহায় পরিবারের জন্য ত্রাণ সহায়তা হিসেবে কম্বল দিয়েছে প্রতিষ্ঠানটি। গতকাল বৃহস্পতিবার দামপাড়া কার্যালয়ে সিএমপি কমিশনার সালেহু মোহাম্মদ তানভীর, উপ-পুলিশ কমিশনার (উত্তর) বিজয় বসাক, অতিরিক্ত পুলিশ কমিশনার আমেনা বেগম, উপ পুলিশ কমিশনার আমির জাফর এবং কমিউনিটি পুলিশের সদস্য সচিব জাহিদ সিরাজ স্বপনের হাতে এই ত্রাণ সামগ্রী তুলে দেয়া হয়। এ ব্যাপারে কর্তৃপক্ষ জানায়, কেডিএস গ্রুপ কাউকে সরাসরি কম্বল বিতরণ না করে সিএমপি কমিশনারের হাতে তুলে দিয়েছে, যাতে তারা তাদের ত্রাণ তহবিলের মাধ্যমে প্রকৃত গরিব ও কর্মহীন মানুষকে এসব ত্রাণ বিতরণ করতে পারেন।

এ সময় কেডিএস গ্রুপের পক্ষে উপস্থিত ছিলেন পরিচালক দিহান শারুজ, সমাজসেবক তাসবির হাইদার, সাবেক কাউন্সিলর মুহাম্মদ গিয়াসউদ্দিন, আইটি বিভাগের প্রধান পার্থ প্রতিম ঘোষ, ব্র্যান্ড অ্যান্ড কমিউনিকেশন্স বিভাগের সিনিয়র এক্সিকিউটিভ এস এম ইকরাম আলী প্রমুখ।

সংক্ষিপ্ত বক্তব্যে কেডিএস গ্রুপের পরিচালক দিহান শারুজ বলেন, অসহায় দরিদ্র মানুষ যাতে শীতে কষ্ট না পায়, সেজন্য কেডিএস গ্রুপের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ অব্যাহত থাকবে। একজন মানুষ হয়ে আর একজন অসহায় মানুষের পাশে দাঁড়ানো সকলের নৈতিক দায়িত্ব। এদিক বিবেচনা করে সমাজের সকল বিত্তবান মানুষদেরকে অসহায় শীতাত্ত নারী-পুরুষদের সহযোগিতায় এগিয়ে আসতে হবে। প্রেস বিজ্ঞপ্তি।